নতুন সিলভারটাউন টানেল খুলছে 7 এপ্রিল 2025 তারিখে ব্ল্যাকওয়াল টানেলের নিকটে

বাসিন্দাদের প্রস্তুতিতে সহায়তার নির্দেশিকা

MAYOR OF LONDON

TRANSPORT FOR LONDON
EVERY JOURNEY MATTERS

বিষয়সূচি

সিলভারটাউন টানেল পরিচিতি 3

টানেলের মধ্য দিয়ে বাস রুটগুলো 4

বিনামূল্যে বাস ভাড়া 4

রিফান্ডকৃত DLR ভাড়া 5

চার্জসমূহ কী কী এবং কখন সেগুলো প্রযোজ্য হয়? 6

আপনি কীভাবে ও কখন চার্জ পরিশোধ করবেন? 8

নির্দিষ্ট কিছু নিম্ন-আয় সুবিধার অন্তর্ভুক্ত স্থানীয় বাসিন্দাদের জন্য ছাড় 10

স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ী ও চ্যারিটিগুলোর জন্য ছাড় 11

100 ভাগ ছাড় 12

ব্যতিক্রম ও NHS রিম্বার্সমেন্ট 13

নিউ ক্রস-রিভার সাইকেল শাটল 14

শহর জুড়ে গণপরিবহন 15

সিলভারটাউন টানেল পরিচিতি

টেম্‌স নদীর তলদেশে নতুন সিলভারটাউন টানেলটি আগামী 7ই এপ্রিল 2025 তারিখে চালু হবে, যা সিলভারটাউনকে গ্রিনিচ পেনিনসুলার সাথে সংযুক্ত করবে।

নতুন টানেলটি ব্যস্ততম সময়ে চলাচল দ্রুততর* করতে সহায়তা করবে এবং নতুন ক্রস-রিভার গণপরিবহন সংযোগ প্রতিষ্ঠা করবে। এছাড়া ব্ল্যাকওয়াল টানেলটি বন্ধ থাকা অবস্থায় এই টানেল সড়ক ব্যবহারকরীিদের জন্য বিকল্প ব্যবস্থা হিসেবে কাজ করবে।

বর্তমানে ব্ল্যাকওয়াল টানেল এলাকার আশেপাশে যানজট লেগে থাকে এবং এটি ঘনঘন – বছরে 700 বারেরও বেশি – বন্ধ করা হয়, যার ফলে বাতাসে দূষণ বৃদ্ধি পায় এবং ধীর গতির গাড়িগুলোর লম্বা সারি তৈরি হয়। নতুন টানেলটি ব্যতিরেকে, ব্ল্যাকওয়াল টানেলের চারপাশে বাতাসের মান ও যানজট আরও খারাপ হবে।

টানেলটি চালুর পর, টানেলের উভয়মুখী চলাচলের প্রতিটি পাশে ব্যবহারকারীদের চার্জ দিতে হবে, যদি-না আপনি বা আপনার গাড়ি চার্জ দেওয়া থেকে অব্যাহতিপ্রাপ্ত হয়।

ব্যবহারকারীদের উপর চার্জ আরোপ করার ফলে গাড়ির সংখ্যা নিয়ন্ত্রণে থাকবে, নির্মাণ খরচ পরিশোধ করা যাব এবং টানেলটির চলতি রক্ষণাবেক্ষণ ও পরিচালন খরচ উঠে আসবে। যদি কিছু উদ্‌বৃত্ত হয় তাহলে তাথ লন্ডনের পরিবহন নেটওয়ার্কে পুনরায় বিনিয়োগ করা হবে।

*ব্যস্ততম সময়ে দ্রুততর চলাচল (সোম-শুক্র সকাল 06:00 টা থেকে 10:00 টা নর্থবাউন্ড, বিকাল 16:00 টা থেকে 19:00 টা সাউথবাউন্ড), মডেল ডেটার উপর ভিত্তি করে।

টানেলের মধ্য দিয়ে বাস রুটসমূহ

নতুন সিলভারটাউন টানেলটি নির্ধারিত বাস লেনের মাধ্যমে আরও বেশি ক্রস-রিভার, দূষণমুক্ত* বাস সেবা প্রদান করে।

ব্ল্যাকওয়াল টানেলের বিদ্যমান বাস রুটটি সহ, ব্যস্ততম সময়ে (সকাল 07:00 টা – সন্ধ্যা 19:00 সোমবার থেকে শুক্রবার) ঘণ্টায় 21টি বাস নদী অতিক্রম করবে।

এসব রুটের মধ্যে রয়েছে:

নিউ সুপারলুপ SL4 – দ্রতগতির সেবা যেটি ক্যানারি হোয়ার্ফ-এর ওয়েস্টফেরি সার্কাস থেকে সিলভারটাউন টানেল হয়ে গ্রোভ পার্ক অভিমুখে গুরুত্বপূর্ণ টাউন সেন্টারগুলোতে থামবে

রুট 129 – সিলভারটাউন টানেল হয়ে গ্রেট ইস্টার্ন কোয়ে ও লুইশাম-এর মধ্যে চলাচল করার জন্য সম্প্রসারিত হবে

রুট 108 – ব্ল্যাকওয়াল টানেল হয়ে স্ট্রাটফোর্ড ও লুইশাম-এর মধ্যে চলাচল করবে

বিনামূল্যে বাস ভাড়া

7ই এপ্রিল 2025 তারিখ থেকে কমপক্ষে 12 মাসের জন্য টানেলগুলোর মধ্য দিয়ে চলাচল করা বাস রুটগুলোর জন্য বিনামূল্যে পে-এজ-ইউ-গো বাস ভাড়ার সুবিধা।

*টেইলপাইপ-এ

বাসে ওঠার পর আপনার পছন্দনীয় পেমেন্ট পদ্ধতিটি স্পর্শ করুন এবং আপনার সফরের জন্য আপনাকে চার্জ করা হবে না।

যোগ্য হওয়ার জন্য আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার পেমেন্ট পদ্ধতিটি ভ্রমণের জন্য বৈধ এবং আপনি আপনার Oyster কার্ডে পে-এজ-ইউ-গো ক্রেডিট রয়েছে।

রিফান্ডকৃত DLR ভাড়া

ফেরত দেওয়া পে-এজ-ইউ-গো DLR ভাড়াগুলোও নিম্নলিখিত স্টেশন জোড়াগুলোতে সফরের জন্য উপলভ্য রয়েছে
7ই এপ্রিল 2025 তারিখ থেকে ।2 মাসের জন্য:

গ্রিনউইচ বা কুটি সার্ক - আইল্যান্ড গার্ডেনস উলউইচ আর্সেনাল - কিং

জর্জ ভি

স্টেশনগুলিতে আপনার নির্বাচিত পেমেন্ট পদ্ধতি দিয়ে টাচ ইন ও আউট করুন এবং আপনার সফরের জন্য ভাড়া কেটে নেওয়া হবে৷

স্পর্শহীন পেমেন্টের জন্য আপনার সফর সম্পূর্ণ করার কমপক্ষে ।4 দিনের মধ্যে আপনার ব্যাংক অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে রিফান্ড প্রদান করা হবে।

Oyster কার্ড পেমেন্টের ক্ষেত্রে, আপনার
সফর সম্পূর্ণ করার কমপক্ষে ।4 দিনের মধ্যে রিফান্ড প্রক্রিয়া করা হবে। তারপরে একটি হলুদ রিডারে আপনার Oyster কার্ড স্পর্শ করে রিফান্ড বুঝে নিতে আপনার কাছে 4 দিন পর্যন্ত সময় থাকবে।

বাস এবং DLR সফর ছাড় সম্পর্কে আরও তথ্যের জন্য tfl.gov.uk/silvertown-blackwall দেখুন

চার্জগুলো কী কী এবং সেগুলো কখন প্রযোজ্য হয়?

টানেলগুলো বছরের প্রতিটি দিন 24 ঘন্টা খোলা থাকে, তবে গাড়ির চাপ নিয়ন্ত্রণে সহায়তার জন্য নির্দিষ্ট কিছু সময়ে চার্জ প্রযোজ্য হবে।

সিলভারটাউন এবং ব্ল্যাকওয়াল টানেলের উভয়মুখী যাতায়তের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য হবে, যদি-না আপনি বা আপনার গাড়ি চার্জ দেওয়া থেকে অব্যাহতিপ্রাপ্তা হয়।

বড়দিন (25 ডিসেম্বর) ব্যতীত বছরের প্রতিটি দিন সপ্তাহের সাত দিন সকাল 06:00 - রাত 22:00 পর্যন্ত চার্জ প্রযোজ্য হবে।

অটো পে-এর জন্য নিবন্ধন করলে আপনি ব্যস্ত নয় এমন সময়ে কম চার্জের সুবিধা পেতে পারেন।

অটো পে অপশনে নিবন্ধন করতে, এই ওয়েবসাইটে যান tfl.gov.uk/auto-pay

টানেল চার্জ এবং DVLA গাড়ির শ্রেণিবিন্যাস সম্পর্কে আরও তথ্যের জন্য tfl.gov.uk/tunnel-charges দেখুন

নির্দিষ্ট কিছু ব্যক্তি ও যানবাহনের জন্য ছাড় রয়েছে, এ বিষয়ে আরও তথ্যের জন্য tfl.gov.uk/tunnel-discounts দেখুন

সকাল 06:00 টা – রাত 22:00 টা পর্যন্ত চার্জগুলো				রাত 22:00 টা – সকাল 06:00 টা
গাড়ির ধরন	অটো পে-এর মাধ্যমে চার্জ পরিশোধ		ফোন, অনলাইন পেমেন্ট বা অ্যাপের মাধ্যমে চার্জ পরিশোধ	কোন চার্জ প্রযোজ্য নয়
	ব্যস্ততম সময়ে চার্জগুলো কেবল সোম – শুক্র নর্থবাউন্ড সকাল 06:00 টা – রাত 10:00 টা পর্যন্ত সাউথবাউন্ড বিকাল 16:00 টা – রাত 19:00 টা পর্যন্ত	ব্যস্ত নয় এমন সময়ের চার্জ সকাল 06:00 টা – রাত 22:00 টার মধ্যে অন্য সকল সময়ের জন্য প্রযোজ্য ছুটির দিনসহ	সবসময়ে	
মোটরসাইকেল, মোপেড, মোটর ট্রাইসাইকেল	£2,50	£1,50	£2,50	বিনামূল্যে
কার ও ছোট ভ্যান DVLA শ্রেণি **M1, N1 (i)**	£4,00	£1,50	£4,00	বিনামূল্যে
বড় ভ্যান **DVLA** শ্রেণি **N1(ii), N1 (iii)**	£6,50	£2,50	£6,50	বিনামূল্যে
বড় পণ্য পরিবহণ গাড়ি*	£10,00	£5,00	£10,00	বিনামূল্যে
পেমেন্ট না করায় জরিমানা ধার্য করার নোটিশ **(PCN)** – £180 (দুই সপ্তাহের মধ্যে পরিশোধ করলে £90 কমানো হবে; প্রতি গাড়িতে প্রতিদিন সর্বোচ্চ একটি PCN)				

*সিলভারটাউন টানেলে HGVs এবং বাসের জন্য একটি নির্দিষ্ট লেন রয়েছে।

আপনি কীভাবে এবং কখন চার্জ পরিশোধ করবেন?

পে করার সবচেয়ে সহজ উপায় হল অটো পে-তে নিবন্ধন করা। সস্তা অফ-পিক চার্জ শুধু অটো পে-এর মাধ্যমে পাওয়া যাবে।

আপনি একটি সরাসরি ডেবিট ম্যান্ডেট সেট আপ করতে পারেন অথবা আপনার অ্যাকাউন্টে একটি ডেবিট বা ক্রেডিট কার্ড নিবন্ধন করতে পারেন। সিস্টেমটি স্বয়ংক্রিয়ভাবে পরীক্ষা করবে যে আপনাকে সিলভারটাউন এবং ব্ল্যাকওয়াল টানেলের চার্জ দিতে হবে কিনা এবং প্রতি মাসে আপনার নিবন্ধিত পেমেন্ট পদ্ধতিতে স্বয়ংক্রিয়ভাবে বিল পাঠাবে।

এটির নিবন্ধন বিনামূল্যে এবং এর অর্থ হল আপনি কখনই চার্জ দিতে ভুলবেন না অথবা আপনার অটো পে পরিষেবাতে নিবন্ধিত যানবাহনের জন্য জরিমানা দেওয়ার ঝুঁকি থাকবে না।

অটো পে অপশনে নিবন্ধন করতে, এই ওয়েবসাইটে যান tfl.gov.uk/auto-pay

আপনি যদি উল্লিখিত পেমেন্ট পদ্ধতি ব্যবহার করে অর্থ প্রদান করতে চান এবং অটো পে-তে নিবন্ধন না করেন, তাহলে আপনি সস্তা অফ-পিক চার্জ থেকে উপকৃত হবেন না।

আপনি অফিসিয়াল TfL Pay to Drive in London অ্যাপের মাধ্যমে টোল পরিশোধ করতে পারবেন যা Apple App Store এবং Google Play store থেকে বিনামূল্যে ডাউনলোড করা যাবে।

আপনি অনলাইনেও পেমেন্ট করতে পারেন
tfl.gov.uk/pay-to-drive সাইটে গিয়ে অথবা ফোনে
0343 222 2222 নম্বরে সোমবার থেকে শুক্রবার সকাল 08:00 টা –
রাত 20:00 টা পর্যন্ত
কল করে। পরিষেবা এবং নেটওয়ার্ক চার্জ প্রযোজ্য হতে পারে
(বিস্তারিত জানার জন্য tfl.gov.uk/terms দেখুন)।

যদি আপনি যেকোনো একটি টানেলের মধ্য দিয়ে গাড়ি চালান এবং অটো পে-তে সাইন আপ না করেন, তাহলে সফরের তৃতীয় দিন মধ্যরাতের মধ্যে আপনাকে পে করতে হবে, অথবা আপনি আপনার সফরের 90 দিন আগে পর্যন্ত পে করতে পারবেন।

এটা কীভাবে কাজ করবে?

আপনি যখন টানেলে প্রবেশ করবেন তখন ক্যামেরা আপনার নম্বর প্লেটটি পড়বে এবং আপনি চার্জ পরিশোধ করেছেন কিনা বা আপনার গাড়ি চার্জ পরিশোধ করা থেকে অব্যাহতিপ্রাপ্ত কিনা তা যাচাই করবে।

উভয় টানেলেই কোনও বাধা বা টোলবুথ থাকবে না এবং আপনি টানেলে পে-ও করতে পারবেন না।

নির্দিষ্ট কিছু নিম্ন আয়ের সুবিধাভোগী স্থানীয় বাসিন্দাদের জন্য ছাড়

পূর্ব ও দক্ষিণ-পূর্ব লন্ডনের 12টি বরো এবং লন্ডন শহরে বসবাসকারী নির্দিষ্ট সুবিধাভোগী বাসিন্দারা তাদের টানেল ব্যবহার করার চার্জের উপর 50 শতাংশ ছাড় পাবেন।

এই ছাড় 7 এপ্রিল 2025 থেকে কমপক্ষে তিন বছরের জন্য উপলভ্য থাকবে।

যোগ্য সুবিধাগুলো হচ্ছে:

- আয় সহায়তা
- আয়-সম্পর্কিত কর্মসংস্থান ও সহায়তা ভাতা
- আয়-ভিত্তিক চাকরিপ্রার্থীদের ভাতা
- ইউনিভার্সাল ক্রেডিট
- পেনশন ক্রেডিট
- শিশু কর ক্রেডিট
- ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট
- পরিচর্যাকারীর ভাতা
- আবাসন সুবিধা

বাসিন্দাদের অবশ্যই বার্কিং অ্যান্ড ড্যাগেনহ্যাম, বেক্সলি, ব্রমলি, সিটি অফ লন্ডন, গ্রিনিচ, হ্যাকনি, হ্যাভারিং, লুইশাম, নিউহ্যাম, রেডব্রিজ, সাউথওয়ার্ক, টাওয়ার হ্যামলেটস অথবা ওয়ালথাম ফরেস্টে বসবাস করতে হবে।

এই ছাড়ের সুবিধা পেতে tfl.gov.uk/east- london -discount এই ওয়েবসাইটে গিয়ে এখনই প্রাক-নিবন্ধন করুন।

স্থানীয় ক্ষুদ্র ব্যবসা এবং দাতব্য প্রতিষ্ঠানের জন্য ছাড়

যোগ্য ক্ষুদ্র ব্যবসা, একক ব্যবসায়ী এবং দাতব্য প্রতিষ্ঠানগুলো সর্বাধিক তিনটি গাড়ির অফ-পিক চার্জে £1 ছাড়ের জন্য যোগ্য হবে।

এই ছাড় 7 এপ্রিল 2025 থেকে কমপক্ষে 12 মাসের জন্য উপলব্ধ থাকবে। অফ-পিক টোল প্রদান সুবিধা শুধু অটো পে-তে TfL-এর সাথে নিবন্ধিত যানবাহনের জন্য উপলভ্য।

যোগ্য ব্যবসা বা দাতব্য প্রতিষ্ঠানকে নিম্নলিখিত বরোগুলির মধ্যে একটিতে নিবন্ধিত হতে হবে: গ্রিনিচ, নিউহ্যাম অথবা টাওয়ার হ্যামলেটস।

আপনার ক্ষুদ্র ব্যবসাটি এই সুবিধার যোগ্য কিনা তা জানতে এবং এই ছাড়ের জন্য প্রাক-নিবন্ধন করতে tfl.gov.uk/business-discount দেখুন।

100 শতাংশ ছাড় (TfL-এ নিবন্ধিত হলে)

এই ছাড় নিম্নলিখিত ব্যক্তি এবং যানবাহনের জন্য প্রযোজ্য:

- ব্লু ব্যাজ ধারী - 100 শতাংশ ব্লু ব্যাজ ছাড়ের জন্য আপনাকে TfL-এ নিবন্ধিত হতে হবে। যদি আপনার গাড়িটি এই ছাড়ের জন্য নিবন্ধিত থাকে, তাহলে আর কোনও পদক্ষেপ নেওয়ার প্রয়োজন নেই, উভয় টানেল ব্যবহারের জন্য আপনাকে কোনও চার্জ দিতে হবে না।
- TfL-এ নিবন্ধিত সকল কালো ট্যাক্সি এবং শূন্য-নির্গমন সক্ষম এবং/অথবা হুইলচেয়ার অ্যাক্সেসযোগ্য ব্যক্তিগতভাবে ভাড়া করা যানবাহন (PHV)।
- রকভারি এবং ব্রেকডাউন ভেহিকেলস -
এই ছাড়ের জন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই আবেদন করতে হবে।

আপনার গাড়ি নিবন্ধন করতে অথবা এই ছাড়ের জন্য আবেদন করতে tfl.gov.uk/tunnel-discounts দেখুন।

অব্যাহতিগুলো

নিম্নলিখিত যানবাহনগুলি টানেল চার্জ থেকে অব্যাহতিপ্রাপ্ত এবং আপনাকে কোনও পদক্ষেপ নিতে হবে না:

- DVLA-নিবন্ধিত মিনিবাস, বাস এবং কোচ
- NHS-এর গাড়িগুলো যানবাহন কর থেকে অব্যাহতিপ্রাপ্ত

ছাড় এবং অব্যাহতি সম্পর্কে আরও তথ্যের জন্য tfl.gov.uk/tunnel-discounts দেখুন।

এনএইচএস রোগী এবং কর্মীদের অর্থ ফেরত

- যদি ক্লিনিক্যালি মূল্যায়ন করা হয় যে বেশি অসুস্থ হওয়ায় তারা গণপরিবহনে ভ্রমণ করতে পারেন নি, তাহলে NHS রোগীরা হাসপাতালে আসা-যাওয়ার খরচ ফেরত চাইতে পারবেন। আপনার হাসপাতাল আপনাকে বলবে আপনি এর যোগ্য কিনা। অর্থ ফেরত সংক্রান্ত আরও তথ্য এবং কীভাবে ফেরত চাইবেন সে সম্পর্কিত নির্দেশনার জন্য tfl.gov.uk/nhs -reimbursement দেখুন।
- NHS কর্মীরা NHS অর্থ ফেরত স্কিমের (reimbursement scheme) মাধ্যমে অর্থ ফেরত পাওয়ার যোগ্য হতে পারেন। অর্থ ফেরতের সম্পূর্ণ যোগ্যতার মানদণ্ড এবং ফেরত চাওয়ার নির্দেশিকা জানতে tfl.gov.uk/nhs -reimbursement দেখুন

নতুন ক্রস-রিভার সাইকেল শাটল

সাইকেল আরোহীরা একটি নতুন, নির্দিষ্ট বিনামূল্যের সাইকেল শাটল পরিষেবা ব্যবহার করে সিলভারটাউন টানেলের মধ্য দিয়ে নদী পার হতে পারবেন।

এর ফলে সাইকেল আরোহীরা বিশেষায়িত ঘনঘন যাত্রার শাটল বাসে তাদের বাইক নিয়ে নিরাপদে নদী পার হতে পারবেন, যা 7ই এপ্রিল 2025 থেকে কমপক্ষে 12 মাসের জন্য বিনামূল্যে উপলভ্য থাকবে।

এই পরিষেবাটি প্রতিদিন সকাল 06:30 টা – রাত 21:30 টা পর্যন্ত চলবে (বড়দিন ব্যতীত) এবং নদীর উভয় পাশের সাইকেল রুটগুলিকে সংযুক্ত করবে
এবং সিগাল লেন এবং মিলেনিয়াম ওয়েতে শাটল থামবে।

আপনি সাইক্লিংয়ে নতুন হন অথবা আপনার দক্ষতা যদি আরও বাড়াতে চান, আপনার জন্য বিনামূল্যে সাইকেল প্রশিক্ষণ উপলভ্য রয়েছে। আপনি অনলাইনে, একা-একা অথবা আপনার বরোতে একজন প্রশিক্ষকের সাথে গ্রুপে শিখতে পারেন (তহবিল এবং প্রাপ্যতা সাপেক্ষে)।

আপনার বিনামূল্যে সাইকেল প্রশিক্ষণ কোর্স বুক করতে tfl.gov.uk/cycle-skills দেখুন।

শহর জুড়ে গণপরিবহন

ভালো মানের পরিবহনের জন্য বাস, টিউব, DLR, ট্রাম, এলিজাবেথ লাইন অথবা লন্ডন ওভারগ্রাউন্ড বেছে নিন।

ব্যস্ত নয় এমন সময়ে সফর করা সস্তা এবং নির্ঝঞ্ঝাট - সফরের আগে আপনার সফরের খরচ যাচাই করতে tfl.gov.uk/fares দেখুন।

লন্ডনের মেয়র এবং TfL, গণপরিবহনে সফর করা আরও সহজ করার জন্য লন্ডনের বাইরের অঞ্চলে বাস রুট সম্প্রসারণের পরিকল্পনা করছেন।

আমাদের অফিসিয়াল TfL Go ট্রাভেল অ্যাপে মানচিত্র এবং লাইভ সফরের আপডেট সহ লন্ডনে আত্মবিশ্বাসের সাথে সফর করুন, যা Apple App Store ও Google Play স্টোর থেকে বিনামূল্যে পাওয়া যায়।

TfL Go আপনাকে নির্বিঘ্ন ভ্রমণের পরিকল্পনা করতে, স্টেশন সুবিধাগুলো খুঁজতে এবং লাইন, স্টেশন ও লিফটগুলো কখন বন্ধ থাকে বা ব্যাঘাতের কারণে প্রভাবিত হয় তা রিয়েল টাইমে আপনাকে দেখাতে সাহায্য করতে পারে।

দ্রুততম গণপরিবহন রুটের পাশাপাশি, অ্যাপটি আপনাকে সফরের আরও বিকল্প তুলে ধরতে বিকল্প রুট প্রস্তাব করে এবং আপনার পুরো বা আংশিক সফরের বিবেচনার জন্য হাঁটা এবং সাইকেল চালানোর রুট প্রদান করে।

tfl.gov.uk/silvertown-blackwall

24 ঘন্টা ভ্রমণের তথ্য
0343 222 1234*

ইমেল আপডেটের জন্য সাইন আপ করুন
tfl.gov.uk/emailupdates

tfl.gov.uk/socialmedia

*পরিষেবা এবং নেটওয়ার্ক চার্জ প্রযোজ্য হতে পারে। আরও তথ্যের জন্য tfl.gov.uk/terms দেখুন।

সংস্করণ 1.0.
প্রকাশের তারিখ 20 জানুয়ারি 2025